BRB
১৯৭৮ সাল থেকে
আস্থা ও অর্জনের
৩৯
বছর

# আজ ২৩ অক্টোবর ২০১৭ ইং

## বি আর বি কেবল ইন্ডাস্ট্রিজ লিঃ এর ৩৯তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আমাদের সকল গ্রাহক, সরবরাহকারী, ব্যাংক, বীমা এবং পৃষ্ঠপোষক ও শুভানুধ্যায়ীদেরকে জানাই

# আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন

বি আর বি কেবল ইন্ডাস্ট্রিজ লিঃ
BRB CABLES
বি আর বি
BRB CABLE INDUSTRIES LTD.



রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন, ঢাকা।

০৮ কার্তিক ১৪২৪
২৩ অক্টোবর ২০১৭

### বাণী

বিআরবি কেবল ইন্ডাস্ট্রিজ লিঃ এর ৩৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আমি প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সদস্য, প্রকৌশলী, ব্যবস্থাপক, শ্রমিক-কর্মকর্তা-কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

জাতীয় অর্থনীতিতে বেসরকারি খাতের গুরুত্ব অপরিসীম। শিল্প ও উৎপাদনশীল প্রকল্পে বিনিয়োগের ফলে দীর্ঘমেয়াদি টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়। বিনিয়োগ, কর্মসংস্থান ও নীট রপ্তানি আয়ের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধির গতি বৃদ্ধিতে বেসরকারি খাত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বাংলাদেশে দেশি-বিদেশি বিনিয়োগের প্রসারকল্পে সরকার বিনিয়োগ-বান্ধব নীতিমালা প্রণয়ন, আইন ও বিধিগত সংস্কার তথা সার্বিক বিনিয়োগ পরিবেশ উন্নয়নে কাজ করে যাচ্ছে। ইতোমধ্যে জাতীয় শিল্পনীতি ২০১৫ প্রণীত হয়েছে। বর্তমান সরকার শ্রমিকদের কল্যাণে ন্যূনতম মজুরি, শ্রমিকের পেশাগত দক্ষতা অর্জন, নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতকরণসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে।

১৯৭৮ সালে প্রতিষ্ঠার পর থেকে বিআরবি গ্রুপ মুক্তবাজার অর্থনীতির চ্যালেঞ্জ মোকাবিলা করে এগিয়ে যাচ্ছে। বিশ্বমানের পণ্য উৎপাদনে প্রতিষ্ঠানটি যে সুখ্যাতি অর্জন করে চলেছে, তা আমাদের দেশের জন্য অত্যন্ত গৌরবের। আশা করি ভবিষ্যতেও এ প্রতিষ্ঠানটি আন্তর্জাতিক মানের পণ্য উৎপাদন অব্যাহত রেখে পণ্যের বহুমুখীকরণ ও বাজার সম্প্রসারণে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখবে। শ্রমিকরাই কলকারখানার প্রাণ। তাদের কল্যাণ নিশ্চিত করা শিল্পোদ্যোক্তাদের দায়িত্ব। আমার বিশ্বাস বিআরবি কেবল ইন্ডাস্ট্রিজসহ দেশের সকল শিল্পমালিকরা শ্রমিকদের ন্যায্য মজুরি, অধিকার ও কল্যাণ নিশ্চিত করে জাতীয় অর্থনীতিতে আরও অবদান রাখবেন।

আমি বিআরবি কেবল ইন্ডাস্ট্রিজ লিঃ এর ৩৯তম প্রতিষ্ঠাবার্ষিকীতে প্রতিষ্ঠানটির সমৃদ্ধি ও সাফল্য কামনা করছি।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আবদুল হামিদ



প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৮ কার্তিক ১৪২৪
২৩ অক্টোবর ২০১৭

### বাণী

বাংলাদেশের ওয়্যারস এন্ড ক্যাবলস শিল্পে বৃহত্তম প্রতিষ্ঠান বিআরবি কেবল ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর ৩৯তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে বিশেষ ক্রোড়পত্র ও স্মরণিকা প্রকাশের উদ্যোগকে আমি স্বাগত জানাই।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সদ্য স্বাধীন দেশ পুনর্গঠনে পরিত্যক্ত কল-কারখানা জাতীয়করণ করে দেশের অর্থনীতিকে শক্তিশালী এবং শ্রমিকদের ন্যায্য অধিকার নিশ্চিত করেছিলেন। এরই ধারাবাহিকতায় দেশে ক্ষুদ্র, মাঝারী ও ভারী শিল্পের ব্যাপক প্রসার হয়েছে। আওয়ামী লীগ সরকার শিল্পোন্নয়নে নানাবিধ পদক্ষেপ নেওয়ায় দেশের সামগ্রিক উৎপাদনশীলতা বৃদ্ধি পেয়েছে। জাতীয় শ্রমনীতি প্রণয়ন করা হয়েছে। সব শ্রেণি-পেশার মানুষের বেতন-ভাতা বৃদ্ধি করা হয়েছে।


বর্তমান সরকার ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সঞ্চালনের ক্ষেত্রে বিআরবি কেবলস প্রশংসনীয় ভূমিকা রেখে চলেছে। প্রতিষ্ঠানটি অপটিক্যাল ফাইবার কেবল এবং মেরিন কেবলসহ নতুন নতুন উদ্ভাবন উৎপাদন তালিকায় যোগ করার পাশাপাশি দেশের একমাত্র প্রতিষ্ঠান হিসাবে এক্সট্রা হাই ভোল্টেজ কেবল উৎপাদন করতে যাচ্ছে।

বর্তমান আওয়ামী লীগ সরকার রূপকল্প ২০২১ ও রূপকল্প ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশকে একটি উন্নত, সমৃদ্ধ ও আধুনিক রাষ্ট্রে পরিণত করতে বদ্ধপরিকর। আমি আশা করি, বিআরবি কেবলস মালিক-শ্রমিক পরস্পর সুসম্পর্ক বজায় রেখে জাতীয় উৎপাদন বৃদ্ধিতে আরও অগ্রণী ভূমিকা রাখবে।

আমি বি আর বি কেবল ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর ৩৯ বছর পূর্তি উপলক্ষে গৃহীত সকল কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা



আবুল মাল আবদুল মুহিত
মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

### বাণী

বিআরবি কেবল ইন্ডাস্ট্রিজ লিমিটেড কেবল শিল্প জগতে একটি সৃজনশীল ও সুপ্রতিষ্ঠিত প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি সুদূর প্রসারি লক্ষ্য অর্জনে নিরলসভাবে পণ্য উৎপাদন ও বাজারজাত করে চলছে। নিত্য- নতুন পণ্য উৎপাদন ও ব্যবসা-বাণিজ্যের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে তারা প্রশংসার দাবিদার। এ কারণে আমরা এটিকে ওয়্যার ও কেবলস শিল্পের বুনিয়াদি শিল্প- কারখানা বললেও অত্যুক্তি হবেনা। দেশের শীর্ষস্থানীয় কেবলস উৎপাদনকারী প্রতিষ্ঠান বিআরবি কেবল ইন্ডাস্ট্রিজ লিমিটেড ৪০ বছরে পদার্পণ উদ্‌যাপন হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। আজ এ শুভক্ষণে উক্ত প্রতিষ্ঠানের সকল শ্রমিক- কর্মচারী, কর্মকর্তা ও ব্যবস্থাপনা পর্ষদ কর্তৃপক্ষকে জানাই আন্তরিক মোবারকবাদ।

আমরা উদার বাণিজ্য নীতিতে বিশ্বাসী। নতুন নতুন শিল্প- কারখানা গড়ে তুলতে আমরা দক্ষ- অদক্ষ নবীন উদ্যোগক্তাদের সব ধরনের সহযোগিতা করে যাচ্ছি। যে কোন ধরনের শিল্প স্থাপনা নির্মাণ কিংবা রিকন্সট্রাকশনের প্রয়োজনে বিদ্যুতায়ন ও অবকাঠামোগত উন্নয়নে বৈদ্যুতিক কেবলস অপরিহার্য। একটানা দীর্ঘ ৩৯ বছর বিআরবি কেবলস সেই প্রত্যাশিত ভূমিকা পালন করে দেশের অর্থনীতির বুনিয়াদ বিনির্মানে সমান তালে কাজ করে চলেছে। দেশের অর্থনীতি স্বনির্ভর না হলে আমরা আমাদের কাঙ্খিত লক্ষ্যে পৌঁছাতে পারব না। বিআরবি কেবল ইন্ডাস্ট্রিজ একটি যথেষ্ট আধুনিক খাতে কৃতিত্ব দেখাতে সক্ষম হয়েছে এবং দক্ষ শ্রমিক সৃষ্টিতে মূল্যবান অবদান রেখেছে।

প্রতিষ্ঠানটি একাধিকবার জাতীয় রপ্তানী ট্রফিসহ অর্জন করেছে সেরা করদাতা পুরস্কার, সেরা ভ্যাট প্রদানকারী পুরস্কার, সিআইপি রপ্তানী পুরস্কার, রাষ্ট্রপতি শিল্পোন্নয়ন পুরস্কারের মতো অনেক সম্মাননা। আমি আশাবাদী আগামী দিনগুলোতে তাদের উন্নয়নের ধারা অব্যাহত থাকবে। অর্থনীতি স্বনির্ভর দেশ গঠনে তারা আরো অগ্রণী ভূমিকা পালন করবে।

আমি নন্দিত শিল্প প্রতিষ্ঠান বিআরবি কেবল ইন্ডাস্ট্রিজ লিমিটেডের ৩৯তম প্রতিষ্ঠা বার্ষিকীর সার্বিক সফলতা কামনা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

(আবুল মাল আবদুল মুহিত, এমপি)



আমির হোসেন আমু, এম.পি
মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

### বাণী

বি আর বি কেবল ইন্ডাস্ট্রিজ লিমিটেডের ৩৯ বছরপূর্তি উপলক্ষে একটি মনোজ্ঞ স্মরণিকা ও ক্রোড়পত্র প্রকাশ হচ্ছে জেনে আমি আনন্দিত। এ সৃজনশীল প্রকাশনার সাথে জড়িত সকলের প্রতি আমার আন্তরিক শুভেচ্ছা রইল।

বৈদ্যুতিক কেবল শিল্প জগতে বি আর বি একটি স্বনামধন্য প্রতিষ্ঠান। দেশিয় কেবল শিল্প প্রতিষ্ঠার মাধ্যমে বি আর বি স্বাধীনতা-উত্তর বাংলাদেশের উন্নয়ন অভিযাত্রায় গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। ইতোমধ্যে এটি অত্যাধুনিক ও প্রযুক্তিনির্ভর কেবল শিল্প কারখানা হিসেবে দেশে-বিদেশে সুনাম অর্জন করেছে। এর উৎপাদিত মেরিন কেবলস্ 'GL (Germanischer Lloyd) Shipboard Cable Approval Certificate' অর্জনের মাধ্যমে বাংলাদেশের জন্য বিরল সম্মান বয়ে এনেছে। বর্ষপূর্তির এ মাসে বি আর বি এক্সট্রা হাই-ভোল্টেজ কেবল উৎপাদন করতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। এর ফলে বাংলাদেশি ওয়্যারস এন্ড কেবলস্ শিল্পের ইতিহাসে নতুন মাত্রা সংযোজিত হবে।

মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে টেকসই ও পরিবেশবান্ধব শিল্পায়ন বর্তমান সরকারের অন্যতম লক্ষ্য। এ লক্ষ্য অর্জনে দেশব্যাপী নিরবচ্ছিন্ন, নিরাপদ ও গুণগতমানের বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা জরুরি। বি আর বি কেবল ইন্ডাস্ট্রিজ শুরু থেকেই গুণগতমানের কেবল উৎপাদনের মাধ্যমে নিরাপদ বিদ্যুৎ সঞ্চালনের লক্ষ্য অর্জনে সহায়তা করে আসছে। আমার বিশ্বাস, কার্যকর গবেষণা ও উন্নয়নের (আর অ্যান্ড ডি) মাধ্যমে আগামী দিনে বি আর বি কেবল ইন্ডাস্ট্রিজ আন্তর্জাতিকমানের পণ্য উৎপাদনের ধারা অব্যাহত রাখবে। একই সাথে এ শিল্পখাতে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের জন্য মূল্য সংযোজন ও পণ্য বৈচিত্রকরণের প্রয়াস জোরদার করবে।

আমি বি আর বি শিল্প পরিবারের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করছি।

আমির হোসেন আমু, এম.পি



তোফায়েল আহমেদ এমপি
মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

### বাণী

দেশের শীর্ষস্থানীয় কেবলস উৎপাদনকারী প্রতিষ্ঠান বি আর বি কেবল ইন্ডাস্ট্রিজ লিঃ ৩৯ বছর পূর্ণ করে ৪০ বছরে পদার্পণ করতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। আনন্দঘন মুহূর্তে বি আর বি কেবল ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর সকল শ্রমিক-কর্মচারী, কর্মকর্তা ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে জানাই আন্তরিক মোবারকবাদ।

বর্তমান সরকারের উদার বাণিজ্য নীতির ফলে দেশে নতুন নতুন শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠছে যা দেশের জাতীয় অর্থনীতিতে, ব্যবসা-বাণিজ্যে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে। নতুন শিল্প স্থাপন ও ব্যবসা-বাণিজ্য প্রসারে দেশের বিদ্যুতায়নের অবকাঠামো উন্নয়নে বৈদ্যুতিক কেবলস অপরিহার্য। দীর্ঘ ৩৯ বছর বি আর বি কেবলস সেই অবকাঠামো উন্নয়নে প্রত্যাশিত ভূমিকা পালন করে চলেছে বলে মনে করি। উন্নত প্রযুক্তি ও গুনগত মান সম্পন্ন কাঁচামাল ব্যবহার করে আন্তর্জাতিক মানের কেবল প্রস্তুত ও বাজারজাত করে সর্বোত্তম গ্রাহক সেবা নিশ্চিত করায় বি আর বি কেবল বাংলাদেশে শীর্ষে অবস্থান করছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মানের অগ্রযাত্রায় হাই ভোল্টেজ, এক্সএলপিই, জেলি ফিল্ড, সুপার এনামেল্ড কপার ওয়্যার এবং অপটিক্যাল ফাইবার কেবল আমাদেরকে পরনির্ভরতা কমিয়ে দেশীয় অর্থ সাশ্রয় করতে সহযোগিতা করছে এবং শীঘ্রই এক্সট্রা হাইভোল্টেজ কেবলও উৎপাদন করে এ ধারাকে আরও একধাপ এগিয়ে নিতে সক্ষম হবে।

প্রতিষ্ঠানটি আরো নতুন নতুন বৈদ্যুতিক সরঞ্জাম উৎপাদন ও বাজারজাত করে দেশীয় ও আন্তর্জাতিক বিদ্যুৎ সেক্টরে বিশেষ অবদান রাখবে। বাংলাদেশের সার্বিক উৎপাদন ও বাণিজ্য প্রবৃদ্ধি অর্জনে কেবল শিল্পের বিকাশ জরুরী। বিশ্ব বাজারের চাহিদা অনুযায়ী প্রতিষ্ঠানটি পণ্য বহুমুখীকরণ ও রপ্তানী বাণিজ্যের মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জনে অগ্রগণ্য ভূমিকা পালন করছে যার স্বীকৃতি অনেকবার জাতীয় রপ্তানি ট্রফি (স্বর্ণ) অর্জন করেছে। আশা করি বি আর বি কেবল্‌স তাদের পণ্যের গুণগত মান অক্ষুন্ন রেখে ভোক্তা সাধারণের প্রয়োজন মিটিয়ে তাদের অগ্রযাত্রাকে আরো ধাবিত করবে এবং আগামীতেও দেশের নেতৃস্থানীয় কেবল কোম্পানী হিসাবে বিশ্ব বাজারেও শীর্ষে থাকবে।

বি আর বি কেবল্‌স-এর ৩৯ বছর পূর্তি উপলক্ষে প্রতিষ্ঠানের সকলকে অভিনন্দন জানাচ্ছি এবং এ উপলক্ষে সকল আয়োজনের সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু

তোফায়েল আহমেদ, এমপি



হাসানুল হক ইনু এম.পি
মন্ত্রী, তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

### বাণী

উন্নত কারিগরি দক্ষতা ও সুক্ষ মাননিয়ন্ত্রণের মাধ্যমে দেশীয় শিল্প বিকাশে বিআরবি কেবল ইন্ডাস্ট্রিজ লিমিটেড একটি সুপ্রতিষ্ঠিত কোম্পানীর মর্যাদায় অধিষ্ঠিত। প্রতিষ্ঠানটির গৌরবময় ৩৯ বছর অতিক্রান্ত করতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। প্রতিষ্ঠানটির অগ্রযাত্রা ও মাইল ফলক হিসেবে স্মরণিকা প্রকাশের উদ্যোগ নিঃসন্দেহে প্রশংসনীয়। আমি অত্র প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পর্ষদ ও শ্রমিক-কর্মচারী, কলা-কুশলী সবাইকে আমি আন্তরিক মোবারকবাদ জানাই।

প্রতিযোগিতামূলক বাজারে সুদীর্ঘ সময় টিকে থাকা সহজ ব্যাপার নয়। এ জন্য প্রয়োজন উৎপাদিত পণ্যের সেবার মানের ক্ষেত্রে আপোসহীন মনোভাব। দেশের শিল্প, ব্যবসা-বাণিজ্য, অর্থনীতি, উৎপাদন সর্বক্ষেত্রে এখন সকলেই স্বয়ংক্রিয়তা অর্জনের মনোভাব নিয়ে এগিয়ে চলেছে। এক্ষেত্রে কে কতটা দক্ষ-অভিজ্ঞ তা তার পণ্যের গুণগতমান দেখলেই বোঝা যায়। দেশে বর্তমানে ছোট-বড় প্রায় চারশত ওয়্যারস এন্ড কেবল ফ্যাক্টরী রয়েছে। নিজেদের বর্তমান অবস্থান ধরে রেখে সবাই আপগ্রেডিং এর জন্য আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছে। এত কিছুর মধ্যেও বি আর বি কেবলস তাদের উন্নয়নের ধারায় ভোক্তার সেবার ক্ষেত্রে বিন্দুমাত্র বিচ্যুত হয়নি।

বিশ্বায়নের বর্তমান প্রেক্ষাপটে টেকসই ও পরিবেশ বান্ধব শিল্পায়ন বড় ধরনের বাধা। বর্তমান সরকার শিল্পায়নের রূপ রেখায় ২০২১ সালের মধ্যে শিল্প সমৃদ্ধ ও মধ্যম আয়ের বাংলাদেশ বিনির্মানে প্রতিশ্রুতিবদ্ধ। কিন্তু সরকারের একার পক্ষে এই মহতী উদ্যোগ বাস্তবায়ন কষ্টকর। এজন্য বেসরকারী প্রতিষ্ঠান সমূহের অংশ গ্রহণ প্রয়োজন। সরকারি-বেসরকারি অংশীদারিত্বে সামাজিক দায়বদ্ধতা থেকে সম্মিলিত দায়িত্ব পালনের মাধ্যমে পরিবেশ বান্ধব ও জনশক্তি নির্ভর জনকল্যাণমুখী শিল্পায়নের অব্যাহত কর্মসূচি নিয়ে সবাইকে এগিয়ে আসতে হবে। বিআরবি কেবলস এর চেয়ারম্যান শিল্পায়ন সমৃদ্ধ বাংলাদেশের অগ্রযাত্রায় একজন সহযোদ্ধা হিসাবে এগিয়ে আসবে এটাই প্রত্যাশা।

বি আর বি কেবল ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর ৩৯ বছর পূর্তি অনুষ্ঠান সুন্দর হোক, সফল হোক।

বাংলাদেশ চিরজীবী হোক।

হাসানুল হক ইনু এমপি



নসরুল হামিদ এমপি
প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

### বাণী

'বিআরবি কেবল ইন্ডাস্ট্রিজ লিঃ' ৩৯তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষে একটি স্মরণিকা প্রকাশ করার উদ্যোগকে আমি স্বাগত জানাই। এর সাথে সংশ্লিষ্ট সকলের প্রতি রইল আমার আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

সরকার বিদ্যুৎ সাশ্রয় ও সাশ্রয়ি যন্ত্রপাতি ব্যবহারকে বিশেষ গুরুত্ব দিচ্ছে। গ্রীন প্রতিষ্ঠান সমূহে প্রণোদনা প্রদানের উদ্যোগ নেয়া হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ ধীরে ধীরে সমৃদ্ধির পথে এগুচ্ছে। ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ উন্নত দেশের কাতারে চলে আসবে। তখন বিদ্যুৎ ব্যবহারের পরিমাণও উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাবে এবং প্রয়োজন হবে আধুনিক, গুণগত মানসম্পন্ন বৈদ্যুতিক যন্ত্রপাতি। আমি আশা করি, 'বিআরবি কেবল ইন্ডাস্ট্রিজ লিঃ'টেকসই বৈদ্যুতিক সরঞ্জামাদি উৎপাদন ও বাজারজাত করে বিদ্যুতের সাশ্রয়ি ব্যবহারকে উৎসাহিত করতে কার্যকর অবদান রাখবে।

আমি, 'বিআরবি কেবল ইন্ডাস্ট্রিজ লিঃ'-এর ৩৯ বছর পূর্তি অনুষ্ঠানের সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

( নসরুল হামিদ )



সভাপতি
ফেডারেশন অব বাংলাদেশ
চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি
(এফবিসিসিআই)

### বাণী

বিআরবি কেবল্‌স-এর ৩৯ তম প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপনের আনন্দঘন মুহূর্তে আমি প্রতিষ্ঠানের সকল শ্রমিক-কর্মচারি, কর্মকর্তা ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে জানাচ্ছি আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

বিআরবি কেবল মানসম্পন্ন পণ্য উৎপাদনের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে প্রতিযোগিতামূলক বাজারে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। বিশ্বমানের কেবল উৎপাদনের ক্ষেত্রে প্রতিষ্ঠানটি নিজেদের অবস্থান সুদৃঢ় করার পাশাপাশি দেশের সীমানা ছাড়িয়ে বিশ্বের বুকে বাংলাদেশকে অনন্য উচ্চতায় প্রতিষ্ঠিত করতে সক্ষম হয়েছে। শিল্প উন্নয়নের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি স্বরুপ দেশের সর্বোচ্চ সম্মানজনক 'রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার' এবং রপ্তানি বাণিজ্যে গুরুত্বপূর্ণ অবদানের জন্য 'জাতীয় রপ্তানি ট্রফি' অর্জন বিআরবি কেবল্‌সকে অনন্য প্রতিষ্ঠানে অধিষ্ঠিত করেছে। বি আর বি কেবল্‌স আগামী দিনগুলোতে তাদের পণ্য সম্ভারে আমদানি বিকল্প নতুন নতুন আরও পণ্য সংযোজন করে আমদানি নির্ভরতা কমিয়ে জাতীয় অর্থনীতিতে অবদানের পাশাপাশি কর্মসংস্থান সৃষ্টিতে এগিয়ে আসবে বলে আমি আশা করি।

ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)- এর পক্ষ থেকে আমি বি আর বি কেবল্‌স-এর প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন অনুষ্ঠানের সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

মোঃ শফিউল ইসলাম (মহিউদ্দিন)



চেয়ারম্যান
বি আর বি কেবল ইন্ডাস্ট্রিজ লিঃ
বাংলাদেশ

### শুভেচ্ছা বাণী

আজ ২৩ অক্টোবর, ২০১৭ ইং, ঊনচল্লিশ বছর আগে এই দিনে প্রতিষ্ঠা লাভ করে আমাদের সকলের প্রিয় প্রতিষ্ঠান বি আর বি কেবল ইন্ডাস্ট্রিজ লিঃ। বর্ষপুর্তির এই শুভক্ষনে পরম করুণাময় মহান আল্লাহ তায়ালার দরবারে লাখ কোটি শুকরিয়া। আমাদের এই দীর্ঘ পথ পরিক্রমায় যাঁরা আমাদের সাথে থেকে নিরন্তর সহযোগিতা করে চলেছেন, সেই সকল গ্রাহক, পৃষ্ঠপোষক, শুভানুধ্যায়ী, ব্যাংক, বীমা, সরকারী-বেসরকারী বিভিন্ন দপ্তর সহ অত্র প্রতিষ্ঠানের সকল শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাবৃন্দকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

বি আর বি গ্রুপ সর্বদা এর উৎপাদন তালিকায় নিত্য নতুন পণ্য সংযুক্তিতে সচেষ্ট। এরই ধারাবাহিকতায় ইতোমধ্যে এখানে বিশ্বের সর্বাধুনিক প্রযুক্তির উৎকর্ষতায় বিশ্বমানের Extra High Voltage Cable উৎপাদনের লক্ষ্যে প্লান্ট স্থাপন করা হয়েছে যা বাংলাদেশে এই প্রথম। এই কেবল উৎপাদনের মধ্য দিয়ে বিআরবি কেবলস্ এর উন্নয়নের ধারায় বাংলাদেশে ওয়্যারস এন্ড কেবল শিল্পে একটি মাইলফলক হিসেবে লিপিবদ্ধ হবে বলে আমি মনে করি।

আমার এ সমস্ত পরিকল্পনা বাস্তবায়নের চালিকা শক্তি হচ্ছে এখানে কর্মরত শত-সহস্র হাত। আমাদের উন্নয়ন ও অগ্রগতিতে স্থানীয় জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের অবদানও কম নয়। একইভাবে বলা যায় এই অঞ্চলের সাধারণ মানুষ, বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক সংগঠন এবং সুশীল সমাজের কথা। কেননা তারা আমাদেরকে দেশের উন্নয়নে বিভিন্ন সময়ে বিভিন্ন পরামর্শ দিয়ে সহযোগিতা করে চলেছেন। স্থানীয় প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সদস্যগণও আমাদের কর্মকান্ডকে দেশ ও জাতির কাছে তুলে ধরছেন যা আমাদের মনোবল ও সাহস বৃদ্ধি এবং অনুপ্রেরণা যোগাতে যথেষ্ট কার্যকর। সর্বোপরি দেশে বিনিয়োগ বান্ধব পরিবেশ তৈরী করে শিল্পোন্নয়নে বর্তমান সরকার যেভাবে পৃষ্ঠপোষকতা প্রদান করে চলেছেন তার জন্য আমরা সরকারের নীতি নির্ধারকদের সাধুবাদ জানাই। সকলের সম্মিলিত প্রচেষ্টায় বি আর বি কে এগিয়ে নিয়ে অভিষ্ট লক্ষ্যে পৌছে দেয়ার জন্য আমি সকলের প্রতি কৃতজ্ঞ।

বি আর বি কেবলস্ এর চল্লিশ বছরে পদার্পণ উপলক্ষ্যে আমি আমার প্রাণ প্রিয় প্রতিষ্ঠানটির জন্য সকলের সহযোগিতা কামনা করছি, একই সাথে কামনা করি মানুষের কল্যাণে আমাদের সকল প্রচেষ্টা শুভ হোক। শুভ হোক সকলের পথ চলা, মঙ্গলময় হোক সকলের জীবনযাত্রা।

মোঃ মজিবর রহমান



রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পদক-২০১৪ | জাতীয় রপ্তানি ট্রফি (স্বর্ণ) | খুলনা বিভাগীয় পরিবেশ পদক | শেরে বাংলা জাতীয় শিশু একাডেমী স্বর্ণ পদক | সেরা করদাতা পুরস্কার | মাদার তেরেসা পদক | দি আর্চ অব ইউরোপ গোল্ড এ্যাওয়ার্ড | ওয়ার্ল্ড বিজনেস লিডার এ্যাওয়ার্ড | ইউরোপ বিজনেস এ্যাওয়ার্ড | ইন্টারন্যাশনাল এ্যাওয়ার্ড ফর কোয়ালিটি | ডান এন্ড ব্রাডস্ট্রিট কর্পোরেট এ্যাওয়ার্ড | ১০ম গোল্ডেন এ্যামেরিকা এ্যাওয়ার্ড

সৌজন্যেঃ বিআরবি হসপিটালস্ লিমিটেড
a concern of BRB